সমকাল

তারিখ ... 24 AUG 2015 ...
পৃষ্ঠা ... ১৭ ... কলাম ... ১-৬ ...

# জাবির বিতর্কিত সেই ছাত্রলীগ নেতাকে ফের নিয়োগ

■ জাবি প্রতিনিধি

বিতর্কিত এক ছাত্রলীগ নেতাকে নিয়োগ দিয়েছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি) প্রশাসন। এবার তিনি নিয়োগ পেয়েছেন রেজিস্ট্রার অফিসের কর্মকর্তা পদে। রেজিস্ট্রার আবু বকর সিদ্দিক রোববার সন্ধ্যায় সমকালকে এই নিয়োগের তথ্যটি নিশ্চিত করেন।

এর আগে ফয়সাল হোসেন দীপু নামে শাখা ছাত্রলীগের ওই সাংগঠনিক সম্পাদক কেন্দ্রীয় গ্রন্থাগারের প্রশাসনিক কর্মকর্তা পদে নিয়োগ পেয়েছিলেন। তখন শিক্ষকদের বিরোধিতার মুখে নিয়োগপত্র হাতে পেয়েও কাজে যোগদান করতে পারেননি তিনি। জানা যায়, সাবেক উপাচার্য অধ্যাপক আনোয়ার হোসেনবিরোধী আন্দোলনের সময় ফয়সাল হোসেন দীপু আন্দোলনকারী শিক্ষকদের বিপক্ষে অবস্থান নেওয়ায় আওয়ামীপন্থি শিক্ষকদের একাংশ এবং বিএনপিপন্থি শিক্ষকরা তার নিয়োগের সরাসরি বিরোধিতা করেন। এ জন্য তিনি নিয়োগপত্র হাতে পেয়েও কাজে যোগদান করতে পারেননি। অথচ তার সঙ্গে নিয়োগ পাওয়া অন্য পাঁচজন এ মাসের ৩ আগস্ট যোগদান করেন।

অন্যদিকে ১৩ জুলাই ঈদের ছুটি চলার সময় কোনো ধরনের বিজ্ঞপ্তি ছাড়াই বিতর্কিত চার ছাত্রলীগ নেতাসহ ছয়জনকে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কর্মকর্তা পদে অ্যাডহক ভিত্তিতে নিয়োগ দেন উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম। এর মধ্যে ছিলেন ফয়সাল হোসেন দীপু। গত বছর ভর্তি পরীক্ষা চলাকালে ছাত্রলীগের দুই পক্ষের মধ্যে সংঘর্ষের ঘটনায় তিনি ছাত্রলীগ থেকে সাময়িক বহিষ্কৃত হন। পরে অবশ্য বহিষ্কারাদেশ প্রত্যাহার করা হয়। দীপুর বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের ওপর হামলা, হলের ক্যান্টিন মালিককে মারধর ও বেশ কয়েকটি চাঁদাবাজির অভিযোগ আছে। এ বিষয়ে রেজিস্ট্রার আবু বকর সিদ্দিক বলেন, উপাচার্য তার ক্ষমতাবলে ওই নিয়োগ দিয়েছেন।